

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন কমিশন
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

নং-আক/ব্যক্তিগত নথি/২২৫/২০১৩/৪৬৬

তারিখ : ২৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব স্বপন কুমার শীল, সুইপার, আইন কমিশন, বিগত ১৬.৬.২০২৬ খ্রি. হতে ১৬.৮.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তাঁর অনুপস্থিতিকালীন সময়ে বিগত ০৬.৮.২০২৬ খ্রি. তারিখে তাঁকে অনুপস্থিতির কারণ দর্শানোসহ কর্মস্থলে যোগদানের নির্দেশ দিয়ে তাঁর স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পত্র প্রেরণ করা হয়, যা 'প্রাপক, জেলহাজতে আছে বিধায় পত্রখানা ফেরত' মন্তব্যসহ ডাকবিভাগ ১৩.৮.২০২৬ খ্রি. তারিখে আইন কমিশন কার্যালয়ে ফেরত প্রদান করে;

এবং যেহেতু, বর্ণিত কর্মচারী বিগত ১৭.৮.২০২৬ খ্রি. তারিখে কমিশনে স্বয়ং উপস্থিত হয়ে কর্মস্থলে যোগদানের অনুমতি প্রার্থনাপূর্বক লিখিত আবেদনে উল্লেখ করেন যে, তিনি নারী ও শিশু মামলা নং- ৯১/২০২৬-তে বিগত ১৫.৬.২০২৬ খ্রি. তারিখ গ্রেফতার হয়ে বিগত ১৬.৬.২০২৬ খ্রি. হতে ১৬.৮.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত জেলহাজতে ছিলেন এবং ১৭.৮.২০২৬ খ্রি. তারিখে জামিনে মুক্তি পান;

এবং যেহেতু, তাঁর দাখিলকৃত কাগজাদির মধ্যে এজাহার, পুলিশ রিপোর্ট (অভিযোগপত্র), জামিননামা ইত্যাদি পরীক্ষান্তে দেখা যায় যে, মানিকগঞ্জ সদর থানার মামলা নং- ১৫(৩)২০২৬ (জিআর মামলা নং-৮০/২০২৬), ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ৯(১) হতে উদ্ধৃত নারী শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মানিকগঞ্জ-এ বিচারাধীন নারী ও শিশু মামলা নং- ৯১/২০২৬ মামলায় তাঁকে একমাত্র আসামী হিসেবে অভিযুক্ত করে বিগত ৩০.৬.২০২৬ খ্রি. তারিখে অভিযোগপত্র দাখিল করা হয়েছে;

সেহেতু, কমিশনের অনুমোদনক্রমে জনাব স্বপন কুমার শীল, সুইপার, আইন কমিশন-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৩৯ ধারার (২) উপধারা অনুযায়ী তাঁর গ্রেফতার এর দিন অর্থাৎ বিগত ১৫.৬.২০২৬ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকি ভাতা বা খোরপোষ ভাতা (Subsistence allowance) প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



(সৈয়দ আজাদ সুবহানী)
(জেলা ও দায়রা জজ)
সচিব
আইন কমিশন।
ফোন নং- ৪১০৫৩৬০১

নং-আক/ব্যক্তিগত নথি/২২৫/২০১৩/৪৬৬

তারিখ : ২৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

অনুলিপি, অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


০১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। জনাব স্বপন কুমার শীল, সুইপার, আইন কমিশন।

০৩। হিসাব রক্ষক, আইন কমিশন।

০৪। পিএ টু সচিব, আইন কমিশন (আইন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫। অফিস কপি/গার্ডফাইল।



(এম. মিজবাহ উর রহমান)

সিনিয়র সহকারী সচিব

(ভারপ্রাপ্ত)

আইন কমিশন

ফোন নং-৪১০৫৩৬০৬